#কলমচারা_অঙ্কুর বর

আকাশ কালো করে ঝুলে রয়েছে। এখুনি তুমুল বেগে বৃষ্টি নামল বলে। রতন বাড়ুই এর মেয়েটাকে কাল সন্ধ্যা থেকে পাওয়া যাচ্ছে না। থানায় যেতে হবে। শ্যামলাল এলাকায় একটু শিক্ষিত তাই সকলে মান্যি গন্যি করে। রতন কাঁদো কাঁদো হয়ে বলেছে। তাই অনুরোধ ফেলতে পারেনি। আহারে!! দশ বছরের মেয়েটা। শ্যামলাল অনেকবার দেখেছে। থানা , পুলিশ আইন আদালতের মারপ্যাঁচ শ্যামলাল ভালোই বোঝে। তাই তো এসব বিপদে সকলে তাঁকে খোঁজে।

কিন্তু কি যে হচ্ছে এলাকায়। গত ছমাসে তিনজন নিঁখোজ। ভাবা যায়।
হাতে একটা খুপরি আর একটা কলমের আম চারা নিয়ে শ্যামলাল পেছনের আমবাগানে ঢুকল। বৃষ্টি নামার আগে চারা গাছটা লাগিয়ে দিতে হবে। নতুন কোপচানো মাটিতে আর বর্ষার প্রথম জলে আম চারা গুলো হু হু করে বাড়বে। আম্রপালী আর ফজলিটা দেখে কেউ বলবে ব্যাটাদের এই কদিন হলো

লাগিয়েছে। মনে হচ্ছে বছর খানেকের মধ্যেই ফল দিয়ে দেবে। সে নিশ্চিত। এই চারা বেড়ে উঠবে তাড়াতাড়ি । এটা ওই কি যেন নাম ? ও বেগমবাহার!

আরে বাওয়া সেকি ভুল শুনেছে নাকি? মানুষের দেহ পচলে ভালো সার হয়। আর সেটা যদি দশ বছরের হয় তাহলে তো আর কোন কথাই নেই ।

হঠাৎ জোরে বাজ পড়ল কোথাও। শ্যামলাল পা চালালো তাড়াতাড়ি । বৃষ্টি পড়বার আগেই চারাটা লাগিয়ে ফেলতে হবে।

সমাপ্ত